দৈনিক
জনকণ্ঠ

তারিখ 1 JUL 2003
পৃষ্ঠা ২

২০০৩-০৪ সালের বাজেট পেশ

# উপাচার্য প্যানেল নির্বাচন না করায় জাবি সিনেটে ভিসির সমালোচনা

জাবি সংবাদদাতা ॥ উপাচার্য প্যানেল নির্বাচনের অঙ্গীকার করেও তা রক্ষা না করায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক জসিম উদ্দিন আহমদের সমালোচনা করে আওয়ামী লীগ সমর্থক সিনেট সদস্যরা রবিবার বার্ষিক সিনেট অধিবেশন থেকে ওয়াক আউট করেন। অন্যদিকে বিএনপিপন্থী শিক্ষকরা লিখিত বক্তব্যের মাধ্যমে উপাচার্যের ওয়াদা ভঙ্গের প্রতিবাদ জানান। এদিকে গত রবিবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ২০০৩-০৪ অর্থবছরের বাজেট ঘোষণা করা হয়েছে। উপাচার্যের সভাপতিত্বে অনুষ্ঠিত বাজেট অধিবেশনে কোষাধ্যক্ষ অধ্যাপক এবিএম এনায়েত হোসেন বিশ্ববিদ্যালয়ের জন্য ২৭ কোটি ৯৮ লাখ ৬৮ হাজার টাকার বাজেট পেশ করেন। এ বছর বাজেট ঘাটতির পরিমাণ ২ কোটি ৮৬ লাখ ৬৮ হাজার টাকা।

রবিবার বিকাল সাড়ে ৪টায় বিশ্ববিদ্যালয়ের ২২তম বার্ষিক সিনেট অধিবেশন শুরু হলে সিনেট সদস্য আতাউর রহমান আতা বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ লঙ্ঘন ও গত সিনেটে উপাচার্য প্যানেল নির্বাচন দেয়ার অঙ্গীকার করে এক বছরেও উপাচার্য তা না দেয়ায় উপাচার্যের ভাষণপর্ব বয়কট করার ঘোষণা দেন। এ সময় অধ্যাপক এমএ মতিন ও অধ্যাপক আফসার আহমদের নেতৃত্বে আওয়ামীপন্থী ১৯ জন সিনেট সদস্য ওয়াক আউট করেন। পরে উপাচার্যের ভাষণ শেষে বাজেট অধিবেশনে আওয়ামীপন্থী সিনেট সদস্যরা ফিরে আসেন।